

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

অধ্যক্ষের কার্যালয়

শহীদ স্মৃতি সরকারি কলেজ, মুক্তাগাছা, ময়মনসিংহ

ফোন: ০৯০২৮ ৭৫২১৬, মোবাইল: ০১৩০৯১১১৯৯৯

ই-মেইল: gsscollege_mukta@yahoo.com

ওয়েবসাইট: gsscollege.gov.bd



তারিখ: ২৮/০৭/২০২১ খ্রি.

বিজ্ঞপ্তি

২০২০-২০২১ শিক্ষাবর্ষে একাদশ শ্রেণিতে অধ্যয়নরত দরিদ্র ও মেধাবী ছাত্র/ ছাত্রীদের মধ্যে যারা উচ্চ মাধ্যমিক পর্যায়ে উপবৃত্তি পেতে আগ্রহী তাদের কে ২৮/০৩/২০২১ থেকে ০৪/০৪/২০২১ এর মধ্যে যে কোন ফটোকপি দোকান হতে আবেদন ফরম (Link:estipend.pmeat.gov.bd) সংগ্রহ পূর্বক যথাযথ ভাবে পূরণ করে কলেজ অফিসে জমাদানের জন্য নির্দেশ প্রদান করা হলো। উল্লেখ্য আবেদন পত্র জমা দেওয়ার শেষ তারিখ ০৪/০৪/২০২১ খ্রি। প্রার্থী নির্বাচনের জন্য সাক্ষাৎকারের তারিখ ও সময়: বিজ্ঞান শাখা: ০৬/০৪/২০২১, মানবিক শাখা: ০৭/০৪/২০২১ ও ব্যবসায় শিক্ষা শাখা: ০৮/০৪/২০২১ সময়: প্রতিদিন সকাল ১০.০০ টা

❖ প্রয়োজনীয় কাগজপত্র (অবশ্যই জমা দিতে হবে)-

১. ডিজিটাল জন্ম নিবন্ধন পত্রের ফটোকপি ০১ (এক) কপি (অবশ্যই ১৭ ডিজিটের হতে হবে)।
২. পিতা এবং মাতার/অভিভাবকের (যার নামে অনলাইন একাউন্ট খোলা হবে) জাতীয় পরিচয়পত্রের ফটোকপি ০১ (এক) কপি ১৩ ডিজিটের জাতীয় পরিচয়পত্র থাকলে প্রথমে ৪ ডিজিটের জন্ম সাল যুক্ত করে ১৭ ডিজিট করতে হবে।
৩. পাসপোর্ট সাইজের ছবি ০১ (এক) কপি।
৪. এস.এস.সি পরীক্ষার রেজিস্ট্রেশন কার্ড ও ট্রান্সক্রিপ্টের ০১ (এক) কপি ফটোকপি।
৫. শিক্ষার্থীর উপবৃত্তির অর্থ প্রাপ্তির ক্ষেত্রে অনলাইন ব্যাংক/এজেন্ট/ মোবাইল ব্যাংকিং একাউন্ট ব্যবহার করা যাবে। এছাড়া শিক্ষার্থীর স্কুল ব্যাংকিং একাউন্টও ব্যবহার করা যাবে। যা শিক্ষার্থীকে নিজ দায়িত্বে খুলতে হবে এবং আবেদন ফরমের নিদিষ্ট স্থানে লিখতে হবে।
৬. অনলাইন/এজেন্ট ব্যাংক এর ক্ষেত্রে একাউন্ট নম্বর ১৩-১৭ ডিজিট এবং মোবাইল ব্যাংকিং এর ক্ষেত্রে একাউন্ট নম্বর ১১-১২ ডিজিট হতে হবে।
৭. অনলাইন/এজেন্ট ব্যাংক/মোবাইল ব্যাংকিং একাউন্ট অবশ্যই শিক্ষার্থী/পিতা/মাতা/অভিভাবকের জাতীয় পরিচয়পত্রের ফটোকপি ব্যবহার করে খুলতে হবে। পিতা/মাতার অনুপস্থিতিতেই অভিভাবকের নামে একাউন্ট খোলা যাবে।
৮. হিসাবধারীর নাম এর স্থানে যার নামে অনলাইন ব্যাংকিং/মোবাইল ব্যাংকিং একাউন্ট খোলা হয়েছে তার নাম লিখতে হবে।

প্রফেসর মোঃ হুসাইন আলী (০০৯৭৫১)

বি.সি.এস (সাধারণ শিক্ষা)

অধ্যক্ষ

শহীদ স্মৃতি সরকারি কলেজ

মুক্তাগাছা, ময়মনসিংহ

কপি বন্টন:

১. কলেজের সকল নোটিশ বোর্ড।
২. ওয়েব সাইট (www.gsscollege.gov.bd), অত্র কলেজ।
৩. সংরক্ষণ নথি।